

২০১১

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্যায়-১

পাঠমালা-১

Course No. BNG—101

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রসঙ্গমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

সমস্ত প্রশ্নের উত্তর দাও।

১। জার্মানিক ও বাস্টো-স্লাভিক ভাষা পরিবারের পরিচয় দাও।

৫+৫

অথবা

বৈদিক ভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২। মাগধী প্রাকৃত ভারতের কোন্ অঞ্চলে প্রচলিত ছিল ? মাগধী প্রাকৃতের নিদর্শন কোথায় পাওয়া যায় ? এই প্রাকৃতের মুখ্য ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি উল্লেখ করো।

১+১+৮

অথবা

টীকা লেখো (যে কোনো চারটি) :

- (ক) চারটি আদি প্রাকৃতের নিদর্শন ক্ষেত্র ;
- (খ) সপ্তমীর একবচনে সর্বনামের বিভক্তি 'স্মিন'-এর শৌরশেনী ও অর্ধমাগধীতে রূপ ;
- (গ) ল্যবর্থক অসমাপিকা (gerund) ক্রিয়া ;
- (ঘ) রচনাকাল ও রচয়িতাসহ মহারাষ্ট্রী প্রাকৃতে রচিত দুটি গ্রন্থ ;
- (ঙ) পৈশাচী প্রাকৃতে স্বরমধ্যবর্তী স্পৃষ্ট ও ঘৃষ্ট ঘোষ ব্যঞ্জনের পরিবর্তিত রূপ ;
- (চ) আত্মনেপদ ধাতু।

৩। 'ওড়িয়া' ভাষার সাধারণ ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

১০

অথবা

'ভোজপুরী' ভাষা কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত ? এই ভাষার মুখ্য লক্ষণগুলি আলোচনা করো।

৪। প্রাচীন ভারতের ভাষাচর্চার একটি সংক্ষিপ্ত ইতিবৃত্ত লেখো।

১০

অথবা

হালহেড রচিত বাংলা ব্যাকরণটির বিষয়গত সংক্ষিপ্ত পরিচয় দাও।